# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

## বাংলা ভাষা ও সাহিত্য

## দশম শ্রেণি

## নিজে পড়ো

- **পাঠের নামঃ** অদল বদল
- **উপএকক** - (ক) "হোলির দিন থেকে পড়ন্ত বিকেল ... যে দিকে পারে পারে পালিয়ে গেল।"

  (খ) " অমৃত আর ইসাবও... মুখরিত হয়ে উঠল"
- **রচয়িতার নামঃ** পান্নালাল প্যাটেল (অনুবাদঃ অর্ঘ্যকুসুম দত্তগুপ্ত)

| শব্দ | অর্থ | পদ | ব্যাকরণগত পরিচয় |
|---|---|---|---|
| পড়ন্ত | যা পড়ছে, পতনোন্মুখ | বিণ | পড় + অন্ত |
| কুস্তি | মল্লযুদ্ধ | বি | ফারসি শব্দ |
| ফতোয়া | নির্দেশ বা আদেশ | বি | ফৎবা - শব্দজ ( আরবি) |
| গররাজি | অনিচ্ছুক | বিণ | রাজির অভাব - অব্যয়ীভাব সমাস |
| রণভূমি | যুদ্ধস্থল | বি | রণের ভূমি - সম্বন্ধ তৎপুরুষ |
| খাঁটি | অকৃত্রিম, আসল | বিণ | × |

SRAI

## ❖ নমুনা উত্তর :

**<u>১. সঠিক উত্তরটি বেছে লেখ।</u>**

১.১. পান্নালাল প্যাটেলের লেখা একটি কাব্যগ্রন্থের নাম -

(ক) নিরালা (খ) <u>জিন্দেগি কা খেল</u>

(গ) হোলি কি দিন (ঘ) একটিও না।

১.২. যে গাছের নীচে গাঁয়ের একদল ছেলে ধুলো ছোঁড়াছুড়ি করছিল, সেই গাছটি হল -

(ক) আমগাছ (খ) বটগাছ

(গ) বেলগাছ (ঘ) <u>নিমগাছ।</u>

১.৩. ইসাবের পরিবারে আছে শুধু তার -

(ক) <u>বাবা</u> (খ) মামা।

(গ) দিদি (ঘ) মা।

১.৪ ইসাব পড়াশুনোর সাথে সাথে তার বাবার সঙ্গে কাজ করত -

(ক) বাড়িতে (খ) <u>ক্ষেতে</u>

(গ) কারখানায় (ঘ) কোথাও না

১.৫ অমৃতের সঙ্গে কুস্তি লড়েছিল -

(ক) <u>কালিয়া</u> (খ) ইসাব

(গ) পাঠান সাহেব (ঘ) কেউই না

**<u>২. কমবেশি ১৫ শব্দে উত্তর দাও।</u>**

২.১ অমৃত আর ইসাব রণভূমি ত্যাগ করল কেন?

উ: ইসাব ও অমৃত কুস্তি লড়তে না চাইলেও কালিয়া জোর করে তাদের খেলতে বাধ্য করে। কিন্তু ইসাব কালিয়াকে ল্যাং মারলে কুস্তি খেলাটা ঘোরালো হয়ে ওঠে।কালিয়ার

SRAI

বাবা-মা এসে তাদের পেটাতে পারে,এই ভয়ে ইসাব আর অমৃত রণভূমি ত্যাগ করল।

২.২ 'ও হুকুম দিল' - কে কী হুকুম দিল?

উ: কুস্তি করতে গিয়ে ইসাবের জামা ছিঁড়ে গেলে অমৃত তাকে হুকুম দেয়,ইসাব যেন তার ছেঁড়া জামাটা খুলে অমৃতের জামাটা পড়ে নেয়।

২.৩ গ্রামপ্রধান অমৃত ও ইসাবের গল্প শুনে কী ঘোষণা করলেন?

উ: গ্রামপ্রধান অমৃত ও ইসাবের কাহিনি শুনে ঘোষণা করলেন, আজ থেকে অমৃতকে অদল আর ইসাবকে বদল বলে ডাকা হবে।

২.৪ কার জবাব পাঠান সাহেবকে বদলে দিয়েছিল?

উ: অমৃতের জবাব  পাঠান সাহেবকে বদলে দিয়েছিল।

২.৫ অমৃত ও ইসাব হাত ধরাধরি করে গ্রামের ধারে কী দেখতে গিয়েছিল?

উ: অমৃত ও ইসাব হাত ধরাধরি করে গ্রামের ধারে হোলির সময়কার বাজি ও বুড়ির বাড়ি পোড়ানো দেখতে গিয়েছিল।

**৩. কমবেশি ৬০ শব্দে উত্তর দাও।**

৩.১ 'শিগগিরই কর, নয়তো কেউ দেখে ফেলবে'- কে কাকে বলেছে? কোন কাজটি করার কথা বলা হয়েছে? ১+১+১ = ৩

উ: পান্নালাল প্যাটেল বিরচিত 'অদল বদল' গল্পে ( মূলগ্রন্থ : Stories for kids) মানুষের গভীরতম মনুষ্যত্ববোধের দিকে আলোকপাত করা হয়েছে।

- আলোচ্য উক্তিটির বক্তা হল অমৃত
- অমৃত তার বন্ধু ইসাবের উদ্দেশ্যে এই কথা বলেছে।
- কুস্তি লড়তে গিয়ে ইসাবের জামা ছিঁড়ে গেলে অমৃত চিন্তিত হয়। সে জানে ইসাবের বাবা ছেঁড়া জামা দেখে ইসাবকে দারুণ প্রহার করবে। সেকারনে অমৃত ইসাবকে আড়ালে নিয়ে গিয়ে নিজেদের জামার অদল বদল ঘটিয়ে নেয়। এই কাজ করার কথাই বলা হয়েছে।

SRAI

**৪.কম-বেশি ১৫০ শব্দে উত্তর দাও।**

৪.১. 'না তাহলে মা আমাকে ঠ্যাঙ্গাবে।' - বক্তা কে? কোন প্রসঙ্গে এই কথা বলা হয়েছে? বক্তা এই কথা বলেছে কেন? ১+২+২ =৫

উ: স্বনামধন্য গুজরাটি সাহিত্যিক পান্নালাল প্যাটেল তাঁর 'অদল বদল' গল্পে ( মূলগ্রন্থ : Stories for kids) মানবতার স্বরূপ উন্মোচন করেছেন।

- আলোচ্য উক্তিটির বক্তা হল ইসাবের বন্ধু অমৃত।
- হোলির দিন দুই বন্ধু অমৃত ও ইসাব একরকম পোশাক পরে রাস্তায় বেরোলে, ছেলেদের দলের একটি ছেলে অমৃত ও ইসাবকে কুস্তি করতে বলে।সে বলে -

  ' দেখি তোরা শক্তিতেও সমান - সমান, না একজন বড়ো পালোয়ান'

  অমৃত জানত সে কুস্তি লড়তে তার নতুন জামা ছিঁড়ে যাবে।সে প্রসঙ্গেই এই কথা বলেছিল অমৃত।
- অমৃত তার এই নতুন জামা কিনে দেওয়ার জন্য মায়ের কাছে একপ্রকার অন্যায় জেদ ধরেছিল। অমৃতের নতুন জামার প্রয়োজন না থাকলেও সে মায়ের হাতের প্রহারকে উপেক্ষা করে ইসাবের মতো জামার দাবি জানাতে থাকে, সে বলে -

  'ঠিক আছে, আমাকে বেঁধে রাখো! মারো!'

  তার বাবাও তাকে জামা কিনে দিতে রাজি না হলে, সে স্কুল যাওয়া বন্ধ করে, খাওয়া বন্ধ করে দেয়। অবশেষে জামা কিনে দেওয়ার পর সে ইসাবের গোয়ালঘর থেকে বেরিয়ে বাড়ি ফিরে আসে। তাই সে জানত নতুন জামা কোনোভাবে নোংরা হলে বা ছিঁড়ে গেলে তার মা তাকে ঠ্যাঙ্গাবে।

## ❖ নিজে করো :

**১. কম-বেশি ৬০ শব্দে উত্তর দাও।** **( ৩×৩=৯)**

১.১. ' সবদিক থেকেই একরকম ' - কাদের কথা বলা হয়েছে? তাদের একরকম অবস্থার বর্ণনা দাও।(১+২=৩)

১.২. ' অমৃত সত্যি তার বাবা-মাকে খুব জ্বালিয়েছিল।' - অমৃত বাবা-মাকে কেন জ্বালিয়েছিল? কীভাবে বাবা-মাকে সে জ্বালিয়েছিল? (১+২=৩)

SRAI

১.৩ ' এতে দুজনের ভয় কেটে গেল।' - কীভাবে দুজনের ভয় কেটে গেল?

**২. কমবেশি ১৫০ শব্দে উত্তর দাও। ( ৫×১=৫)**

২.১ অদল বদল গল্প অবলম্বনে পাঠান সাহেব চরিত্রটি বর্ণনা করো।

*বি.দ্র. ->*

*ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য মন্তব্যকোশে (Comment Box) পাঠাও।*

*নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।*

*আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।*

SRAI